গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩২৮. ৪৬.০০২.২৪.৭২-১৫৪

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১ / ৩০ জুন ২০২৪

বিষয়: ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালুকৃত বিষয়ক তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ২০২৩-২৪ অর্থবছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচক ১.২.১ অনুসারে ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের চালুকৃত সেবাসমূহের তালিকা প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, চালুকৃত সেবাসমূহের তালিকা অবহিতকরণের নিমিত্ত নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মো: আনোয়ার উজ জামান)
সিনিয়র সহকারী সচিব
টেলিফোন: ৪৮১১৩৩৫১
ই-মেইল: junayed33jessore@gmail.com

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃ: আ: যুগ্মসচিব, ই-গভর্নেন্স-২অধিশাখা (অতিরিক্ত দায়িত্ব), পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা]

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. উপসচিব (এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা;
২. সিনিয়র সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. যুগ্মসচিব (বাজেট ও এপিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৫. সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রণালয়/বিভাগের নাম: পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

বিষয়: ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালুকৃত।

১	২	৩	৪	৫	৬
ক্রম	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবার লিংক	অর্থবছর	বর্তমান অবস্থা
০১	গাড়ী অধিযাচন (ডিজিটাল) সেবা সহজীকরণ সফটওয়্যার নির্মাণ	গাড়ী অধিযাচনের ফরম পূরণ বা আবেদনের জন্য দাপ্তরিক মূল্যবান সময় নষ্ট হয়। অফিস চলাকালীন ছাড়া অধিযাচনের সুযোগ কম থাকে। অধিযাচনের জন্য বার্তাবাহক, কাগজ, কালি, প্রিন্টার এবং কম্পিউটার প্রয়োজন হয়। এজন্য একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে যাতে গাড়ীর ড্রাইভারের নাম, মোবাইল নং এবং গাড়ীর নম্বর সংযোজন করা হয়েছে ফলে অর্থ ও সময় সাশ্রয় হচ্ছে।	http://transport.plandiv.gov.bd/	২০১৮-১৯	চালু রয়েছে
০২	বৈদেশিক প্রশিক্ষণে সুযোগের সমতা বিধান এবং কর্মকর্তা মনোনয়ন সহজিকরণ	বৈদেশিক প্রশিক্ষণে কর্মকর্তাগণের অংশগ্রহণে বহুলাংশে সমতা বিধান; মনোনীত কর্মকর্তাগণের উদ্বেগ হ্রাস; অপেক্ষাকৃত কম সময়ে সরকারি আদেশ জারি হওয়ায় পরিকল্পনা কমিশন এবং পরিকল্পনা বিভাগের অনেক কর্মকর্তার কর্মঘন্টা সাশ্রয় হচ্ছে। এছাড়াও বৈদেশিক প্রশিক্ষণের ডাটাবেজ সংরক্ষণ করায় প্রশিক্ষণার্থী নির্বাচনে স্বচ্ছতা আনয়ন করা হয়েছে।	https://plandiv.gov.bd/site/files/64a60a28-d51d-4425-8763	২০১৮-১৯	চালু রয়েছে
০৩	এসএসআরসি এর গবেষণা প্রকল্প নির্বাচন প্রক্রিয়া সহজিকরণ	এসএসআরসির স্টোকহোল্ডারগণ (বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, গবেষক, বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান, প্রশিক্ষণ ইনস্টিটিউট ইত্যাদি) গবেষণা ও প্রশিক্ষণের জন্য মঞ্জুরি গ্রহণ করে থাকেন। এক্ষেত্রে অফিসিয়াল কার্যক্রম সম্পাদনে আবেদনকারীর প্রয়োজনীয় যাতায়াতে সময় ও অর্থ দুই-ই বেশি ব্যয় হয়ে থাকে। এ সেবার (আরএমএস) মাধ্যমে সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদে একটি হেল্প ডেস্ক এবং একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে। যার ফলে সেবাগ্রহীতারা পূর্বের তুলনায় স্বল্প সময়ে ও কম অর্থ ব্যয়ে এ সংক্রান্ত সেবা পাচ্ছেন।	https://sso.plandiv.gov.bd/rms/researcher/sign-in	২০২০-২১	চালু রয়েছে
০৪	ADP/RADP Management System (AMS)	নতুন প্রকল্প গ্রহণ (অনুমোদিত নতুন প্রকল্প তালিকা প্রণয়ন); চলমান প্রকল্পের প্রাপ্যতা অনুসারে বরাদ্দ প্রদান; নতুন প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদান, চলমান প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদান, ব্যয় খাত সংশোধন, উপযোজন, প্রকল্প সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ; প্রকল্পের এলাকাভিত্তিক খরচ নির্ণয়, কাগজের ব্যবহার কমিয়ে নির্ভুলভাবে ADP/RADP প্রণয়ন ও বরাদ্দ প্রদান; Data Sharing এর বিষয়ে আইবাস++ এর সাথে MoU স্বাক্ষর হয়েছে; পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্প প্রস্তাব গ্রহণ থেকে অনুমোদন পর্যন্ত তথ্যাদি সংরক্ষণ করা হচ্ছে।	http://adp.plancomm.gov.bd/	২০২০-২১	চালু রয়েছে

১	২	৩	৪	৫	৬
ক্রম	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবার লিংক	অর্থবছর	বর্তমান অবস্থা
০৫	জাতীয় উন্নয়ন পরিকল্পনা বিষয়ক ডিজিটাল নলেজ পোর্টাল (GED Knowledge Portal)	সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক একটি ডিজিটাল নলেজ পোর্টাল স্থাপনের মাধ্যমে এ বিভাগ কর্তৃক প্রণীত সকল জাতীয় মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনাসহ সংশ্লিষ্ট পলিসি ডকুমেন্টস ও তাদের বাস্তবায়ন অগ্রগতির আপলোডকরণের মাধ্যমে সকলের অভিগম্যতা সহজলভ্যকরণ/নিশ্চিত করা হচ্ছে।	http://www.gedkp.gov.bd/	২০২১-২২	চালু রয়েছে
০৬	কার্যক্রম বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত নির্ধারিত ছকে প্রস্তাবিত চলমান প্রকল্পের তথ্য-উপাত্ত প্রদানের মাধ্যমে এডিপি/আরএডিপিতে প্রদত্ত বরাদ্দ উপযোজনপূর্বক বরাদ্দ পুনঃনির্ধারণ	সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্য থেকে একটি প্রকল্পের অনুকূলে এডিপি/আরএডিপিতে প্রদত্ত বরাদ্দ হতে অন্য প্রকল্পে স্থানান্তর করা অর্থাৎ পুন:উপযোজন প্রস্তাব পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করে। কার্যক্রম বিভাগ কর্তৃক প্রকল্পের প্রাক্কলিত ব্যয়, ক্রমপুঞ্জিভূত ব্যয়, এডিপি/আরএডিপিতে প্রদত্ত বরাদ্দ, অবমুক্তকৃত অর্থের পরিমাণ এবং প্রাপ্যতা যাচাই সাপেক্ষে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর অনুমোদনক্রমে এডিপি/আরএডিপিতে প্রদত্ত বরাদ্দের উপযোজনপূর্বক বরাদ্দ পুন:নির্ধারণ করা হচ্ছে।	http://adp.plancomm.gov.bd/	২০২১-২২	চালু রয়েছে
০৭	Project Processing, Appraisal & Management System (PPS) বিষয়ক ডিজিটাল সেবা।	উন্নয়ন প্রকল্প প্রণয়ন এবং প্রক্রিয়াকরণ সম্পূর্ণ ম্যানুয়াল পদ্ধতিতে এজেন্সি থেকে মন্ত্রণালয়ে এবং পরবর্তীতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়; প্রকল্প দলিলটি বর্তমানে হার্ডকপিতে প্রেরণ করা হয় এবং উন্নয়ন প্রকল্পের অনুমোদনের লক্ষ্যে প্রকল্প দলিলটি একাধিক কপি মন্ত্রণালয়ে এবং সংশ্লিষ্ট সেক্টর এ প্রেরণ করা হয়। যাতে অধিক সময় ব্যয় হয়। এ সমস্যা সমাধানের লক্ষ্যে পিপিএস সফটওয়্যারের মাধ্যমে প্রকল্প যাচাই-বাছাইকরণের ফলে কাজের গতি ত্বরান্বিত হচ্ছে এবং সময় হ্রাস পাচ্ছে।	https://sso.plandiv.gov.bd/sign-in	২০২১-২২	চালু রয়েছে

এ মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে উপরিউক্ত উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ কার্যকর/চালু/ সচল রয়েছে

৩০.০৬.২১

(ইসরাত জাহান ইরা)
সহকারী প্রোগ্রামার
ই-সার্ভিস শাখা
পরিকল্পনা বিভাগ
ই-মেইল: ap@plandiv.gov.bd